



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
www.bfdc.gov.bd
বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার
তেজগাঁও, ঢাকা-১২১৫।



সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ মাসের কেন্দ্রীয় ইনোভেশন টিমের পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	: পরিচালক (ফ্রেয় ও বিপণন) ও ইনোভেশন অফিসার।
সভার স্থান	: পরিচালক (ফ্রেয় ও বিপণন) মহোদয়ের দপ্তর।
তারিখ	: ২২/০৯/২০২১খ্রিঃ।
সময়	: সকাল ১০:৩০ ঘটিকা।
উপস্থিতির তালিকা	: পরিশিষ্ট 'ক'।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ২০২১-২০২২ অর্থ-বছরে এটি ১ম সভা। গত অর্থ-বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নের অগ্রগতির বিষয়ে আলোকপাত করেন। সকলেই বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। সভাপতির অনুমতিক্রমে কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য সচিব, অর্থ-বিশ্লেষক (পরিচালনা বিভাগ) বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২০২১-২২ এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন।

কেন্দ্রীয় ইনোভেশন টিমের সদস্য সচিব, অর্থ-বিশ্লেষক (পরিচালনা বিভাগ) সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুযায়ী ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা, সেবা সহজিকরণ ও সেবা ডিজিটাইজেশন বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সে লক্ষ্যে গত ২২ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখের পত্র নং-৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১০১-এর মাধ্যমে কর্পোরেশনের বিভিন্ন ইউনিট/বিভাগসমূহ হতে সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন ও উদ্ভাবনী ধারণা আহবান করা হয়। ইউনিট/বিভাগসমূহ হতে প্রাপ্ত সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন ও উদ্ভাবনী ধারণার বিষয়ে বিশদ আলোচনার নিমিত্ত এর তালিকা সদস্য সচিব কর্তৃক সভায় উপস্থাপন করা হয়।

কর্পোরেশনের সচিব বলেন, কাপ্তাই হুদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাজামাটি কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত “ক্রিক নার্সারি” নামক উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়ন করা হলে কাপ্তাই হুদে কার্প জাতীয় মাছের উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পাবে। কাপ্তাই হুদে মাছের উৎপাদন বৃদ্ধি করার জন্য পোনা সরবরাহের নিমিত্ত যে পরিমাণ নার্সারি থাকা প্রয়োজন তা খুবই অপ্রতুল। তাই শুল্ক মৌসুমে ক্রিকে পোনা লালন-পালন করে এবং প্রাকৃতিক উপায়ে পোনা লেকে অবমুক্ত হওয়ার মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। প্রাকৃতিক খাবার গ্রহণ এবং লেকের স্বাভাবিক পরিবেশে লালন-পালন হওয়ায় এ ধরনের পোনার অভিযোজন ক্ষমতা বেশি হয়।

কাপ্তাই হুদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, বামউক, রাজামাটি কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত “শুটকী প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র স্থাপন” উদ্ভাবনী ধারণায় বলা হয় রাজামাটি অঞ্চলে শুটকী প্রক্রিয়াকরণের আধুনিক কোন ব্যবস্থা নেই। উক্ত প্রস্তাবনায় ধারণাটির বাস্তবায়ন ব্যয় ধরা হয় আনুমানিক ০২ (দুই) কোটি টাকা, যা বাস্তবায়ন করা অত্যন্ত ব্যয়বহল হবে।

“কাপ্তাই হুদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে রেণু উৎপাদন” সংক্রান্ত উদ্ভাবনী ধারণার পর্যালোচনায় অংশ নিয়ে কর্পোরেশনের সচিব বলেন, কাপ্তাই হুদে কার্প জাতীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চিতল মাছের রেণু নিজস্ব ব্যবস্থাপনায় উৎপাদন করা হলে ইতিবাচক ফলাফল পাওয়া যাবে। তিনি আরও বলেন, চিতল মাছ রান্ধুসে স্বভাবের হওয়ায় ছোট প্রজাতির মাছের আধিক্য নিয়ন্ত্রণে ভূমিকা রাখবে।

এ পর্যায়ে চট্টগ্রাম মৎস্য বন্দর কর্তৃক প্রস্তাবিত “অনলাইনের মাধ্যমে মৎস্য প্রক্রিয়াকরণের পার্টিপ্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ” সেবাটি সহজিকরণের যৌক্তিকতা বিষয়ে সকলে ইতিবাচক মনোভাব প্রকাশ করেন এবং বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করেন।

সভাপতি মহোদয় কর্পোরেশনের সকল বিভাগে ই-নথির ব্যবহার বৃদ্ধি এবং কর্পোরেশনের সকল কার্যক্রম ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। তিনি ইনোভেশন টিমের সদস্যকে নতুন উদ্যমে কাজ করার আহবান জানান এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ নিয়ন্ত্রিত অবলোকন করে যথাযথ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সভায় নিম্নোক্ত উদ্ভাবনী ধারণা ও সেবা সহজিকরণ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


উদ্ভাবনী ধারণাঃ

- ১। ক্রিক নার্সারি;
- ২। কাপ্তাই হ্রদে চিতল মাছের আধিক্য বৃদ্ধিতে নিজস্ব ব্যবস্থাপনায় পোনা উৎপাদন।

সেবা সহজিকরণঃ

- ১। অনলাইনের মাধ্যমে মৎস্য প্রক্রিয়াকরণের পাটি/প্রতিষ্ঠান (নন-প্যাকার) নিবন্ধিকরণ।

সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোহাম্মদ খুরশীদ আলম)
পরিচালক (ক্রয় ও বিপণন)
ও
ইনোভেশন অফিসার
কেন্দ্রীয় ইনোভেশন টিম।